# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 22 April, 2025

মুন্সীগঞ্জের গজারিয়ায় মেঘনা পুরাতন ফেরী ঘাট এলাকায় নিখোঁজ বাল্কহেড শ্রমিক মো. আতাবর রহমান (৬৫) এর অর্ধগলিত লাশ উদ্ধার করেছে নৌ পুলিশ।

মঙ্গলবার (২২ এপ্রিল) বেলা সাড়ে এগারোটায় ঘটনাস্থল থেকে প্রায় ৩ কিলো দূরে চরবলাকী এলাকায় ভাসমান অবস্থায় মৃতদেহটি স্থানীয়রা দেখতে পায়।নিহতের স্বজনদের সহযোগিতায় শনাক্ত ও মরদেহ পুলিশ হেফাজতে নেয়া হয়।

নিহত মো. আতাউর রহমান ঢাকা জেলার ধামরাই উপজেলার ফুলতলা কাকরাইন গ্রামের মোঃ জয়নাল আবেদীন এর ছেলে। তিনি দুই ছেলে দুই মেয়ের জনক বলে জানা যায়। উল্লেখ্য, গত রবিবার বিকাল সাড়ে ৫টার দিকে তেতৈতলা মেঘনা পুরাতন ফেরিঘাট সংলগ্ন মেঘনা নদীতে নোঙ্গর করা অবস্হায় অন্য একটি বাল্কহেডের ধাক্কায় পানিতে পড়ে গিয়ে আতাউর রহমান নিখোঁজ হন।পরে ফায়ার সার্ভিসের ডুবুরি দল উদ্ধার অভিযান চালিয়ে কোন সন্ধান পায়নি।মঙ্গলবার ( ২২ এপ্রিল ) চরবলাকী এলাকা থেকে আতাউর রহমান এর লাশ উদ্ধার করে। নিহত চাচা লোকমান হোসেন জানান ঘটনার পর বাল্কহেডের মালিক পক্ষ লোক পাঠিয়েছে কিন্তু কোন মালিক পক্ষের লোকজন সরজমিনে এসে উপস্হিত হয়নি বা মৃত্যুর বিষয়ে আলোচনা করেনি। গজারিয়া নৌ-পুলিশের এসআই তদন্ত কর্মকর্তা জাহাঙ্গীর জানান, আমরা খবর পেয়ে মরদেহ উদ্ধার করা হয়েছে।স্বজরা মরদেহ সনাক্ত করেন এবং তদন্ত সাপেক্ষ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

নিখোঁজ নদী মরদেহ উদ্ধার শ্রমিক পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:32

URL: https://timestodaybd.com/dhaka/1255775807